# বাংলা লিখবেন?
# কিভাবে লিখবেন?

# বাংলা লেখার সাধারণ/সহজ উপায়

- ছোট ছোট বাক্য ব্যবহার
- সহজ ও পরিচিত শব্দ বেছে নেয়া
- একটিভ ভয়েসে বাক্য লেখা
- কর্তাকে উহ্য রেখে বাক্য লেখা (যেমন, আমি মিটিং শেষ করলাম না বলে মিটিং সমাপ্ত ঘোষণা করা হলো)
- বিশেষণ বেশি ব্যবহার না করা ( যেমন, খুব ভালো না বলে উত্তম বা শ্রেয়তর বলা)
- ব্র্যাকেট ব্যবহার না করা
- যতিচিহ্ন সঠিকভাবে ব্যবহার করা

# একটি ভুল যতিচিহ্নের চিঠি

**স্বামী বিদেশ থাকে। স্ত্রীর বাংলা যতি বা বিরাম চিহ্নের অবস্থা খুব করুণ। সে স্বামীকে একখানা পত্র পাঠাল-**

*ওগো,*

*সারাটি জীবন বিদেশেই কাটাইলে এই কি ছিল। তোমার কপালে আমার পা। আরো ফুলিয়া গিয়াছে উঠানটা। জলে ডুবিয়া গিয়াছে ছোট খোকা। স্কুলে যাইতে চায় না ছাগলটা। সারাদিন ঘাস খাইয়া ঝিমাইতেছে তোমার বাবা। পেট খারাপ করিয়া অসুস্থ হইয়া পুড়িয়াছে আমগাছটা। আমে আমে ভরিয়া গিয়াছে বাড়ির ছাদ। স্থানে স্থানে ফুঁটা হইয়া গিয়াছে গাভীর পেট। দেখিয়া মনে হয় বাচ্চা দিবে কাসেমের বাপ। নিয়মিত রান্নাবান্না করে বড় খোকা। প্রতিদিন বাজার করিয়া আনে কাসেমের মা। প্রসব বেদনায় ছটফট করিতেছে কাসেমের বাপ। বারবার ফিট হইয়া যাইতেছে ডাক্তার। বাবু আসিয়া দেখিয়া গিয়াছেন। এমতাবস্থায় তুমি বাড়ি আসিবে না। আসিলে দুঃখিত হইবো।*

*ইতি, ফুলবানু।*

# বাংলা লেখার সাধারণ/সহজ উপায়

- একটি প্যারায় একটি বিষয় বা বক্তব্য শেষ হবে।
- ছোট ছোট করে এক একটা প্যারা লেখা।
- এক প্যারায় দুই বিষয় বা বক্তব্য রাখা যাবো। শুরু থেকে শেষ পর্যন্ত ধারাবাহিকতা থাকতে হবে।
- সাধু চলিত মিশ্রণ করা যাবে না।
- ইংরেজি শব্দ ব্যবহার পারতো পক্ষে না করা।

# যেকোনো লেখার ক্ষেত্রে করণীয়

- কে
- কি
- কেন
- কোথায়
- কখন
- কিভাবে

এই প্রশ্নগুলোর উত্তর দিতে হবে।

# কেস স্টাডি লেখার সময় কি করবেন?

- যার ওপর কেস স্টাডি করবেন তা নির্বাচন করুন।

(বিভিন্ন কার্যক্রম, প্রতিবেদন এবং ফলাফল এর উপর ভিত্তি করে করা)


- গবেষণা ও তথ্য সংগ্রহ করা। চেকলিস্ট তৈরি।
- তথ্য সংকলন এবং কেসস্টাডি লেখা শুরু।
- একটি আকর্ষণীয় শিরোনাম দিন।
- ঘটনার পটভূমি লিখুন। কেসের মূল অংশে বিষয়টির অনন্যতা বা পরিবর্তনের তথ্য সন্নিবেশিত করুন এবং ঘটনার সত্যতা ফুটিয়ে তুলুন।

# কেস স্টাডি লেখার সময় কি করবেন?

- কেসের উপসংহার লিখুন
- সবশেষে, তত্ত্বাবধায়ক ও উর্দ্ধতনের সাথে শেয়ার করুন।
- যদি সম্ভব হয় সহকর্মীদের পড়তে দিন এবং তাদের মতামত গ্রহণ করুন।
- কেস স্টাডি এমন হতে হবে যেন এর মধ্য দিয়ে সমস্যাগুলো ফুটে উঠে অথবা পরিবর্তন বোঝা যায়।

# যেকোন প্রতিবেদন কিভাবে লিখবেন?

- উল্টা পিরামিড পদ্ধতি



# কি কি পড়বেন?

- যেকোনো প্রতিবেদন
- দৈনিক পত্রিকা/ম্যাগাজিন ইত্যাদি পড়া
- সহজ পদ্যের বই
- পত্রিকায় প্রকাশিত কেসস্টাডি
- পত্রিকা বা যেকোন লেখার শিরোনাম খেয়াল করা
- পড়ার সময় বানান খেয়াল করা
- যেকোনো লেখার আগে প্রস্তুতি হিসেবে পর্যাপ্ত পড়াশোনা করা
- আপনি যে সেক্টরে কাজ করেন সেই বিষয়ের ওপর নিয়মিত আপডেট থাকা।


ধন্যবাদ